জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা।
www.jb.com.bd

ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট
ফোন নং-৯৫১৫৩০৬

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১০৮০/২১

তারিখ ঃ ১০ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ
২৫ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/
সকল শাখা এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ- **ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট হতে প্রেরিত বৈদেশিক রেমিট্যান্স নির্দিষ্ট শাখা ছাড়াও অন্য শাখা কর্তৃক গৃহীত হলে সুবিধাভোগীর T24 হিসাবে জমা করার নিমিত্ত নির্দেশ বিজ্ঞপ্তি-১১৯/০৯ এর সংশোধনী এবং ২% প্রণোদনা/নগদ সহায়তার অর্থ S/D A/C ag 2% FR Cash Incentive (Code: 17109) খাতে জমা করণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

নির্দেশ বিজ্ঞপ্তি-১১৯/০৯, তারিখঃ ২৬/০৪/২০০৯ ইং এর ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী কোন রেমিট্যান্স হিসাব পরিচালনাকারী শাখা ব্যতীত অন্য শাখায় প্রেরণ করা হলে উক্ত শাখা সংশ্লিষ্ট রেমিট্যান্স হিসাব পরিচালনাকারী শাখায় প্রেরণ করার নির্দেশনা ছিলঃ **"যদি গ্রাহকের হিসাব জনতা ব্যাংক লিমিটেড এর অন্য শাখায় হয় তবে সিআইবিটিসিএ ইস্যু করিয়া জমা করার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে এবং এসআরসিকে জানাইতে হইবে।"**

এক্ষেত্রে রেমিট্যান্স গ্রহণকারী শাখা গৃহীত রেমিট্যান্স-এ উল্লেখিত হিসাবের সঠিকতা সরাসরি যাচাই করতে না পারার কারনে Amendment ছাড়া রেমিট্যান্সটি যথাসময়ে সময়ে জমা করা সম্ভব হত না যা দ্রুত গ্রাহক সেবা নিশ্চিত করার অন্তরায়। উল্লেখ্য গ্রাহককে দ্রুত ফরেন রেমিট্যান্স পরিশোধকরণ প্রসঙ্গে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক ইস্যুকৃত এফই সার্কুলার লেটার নং-১৫ তারিখঃ জুলাই ১৬, ২০১৪ এর নির্দেশনা নিম্নরূপঃ

**"রেমিট্যান্স প্রবাহে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ড্রয়িং ব্যবস্থার আওতায় প্রাপ্ত প্রবাসী রেমিট্যান্সের অর্থ বেনিফিসিয়ারী পর্যায়ে বিতরণের সময়সীমা ৭২ ঘন্টার পরিবর্তে সর্বোচ্চ ২(দুই) কার্যদিবস পুনঃনির্ধারণ করা হলো।"**

উক্ত নির্দেশনা পরিপালনে এবং দ্রুত গ্রাহকসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে অত্র ব্যাংকের CBS (Core Banking Solution) বা T24 Software-এর মাধ্যমে রেমিট্যান্স (যে শাখারই হোক) এর হিসাব নম্বরের সঠিকতা যাচাই করে তাৎক্ষনিক জমা করার জন্য নির্দেশ বিজ্ঞপ্তি-১১৯/০৯ এর ১০ নং অনুচ্ছেদের সংশোধনীসহ নিম্নলিখিত করণীয়সমূহ নির্দেশ বিজ্ঞপ্তি হিসেবে জারী করার বিষয়টি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।

**রেমিট্যান্স গ্রহণকারী শাখার করণীয়ঃ-**

১। রেমিট্যান্স গ্রহণকারী শাখা T24 হিসাব নম্বর সম্বলিত অন্য শাখার বৈদেশিক রেমিট্যান্স গ্রহণ করা মাত্র T24 Software-এ সংরক্ষিত গ্রাহকের নাম ও হিসাব নম্বর মিলিয়ে তাৎক্ষণিক সংশ্লিষ্ট হিসাবে জমা করবে।

চলমান পাতা-২

**বিষয়ঃ- ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট হতে প্রেরিত বৈদেশিক রেমিট্যান্স নির্দিষ্ট শাখা ছাড়াও অন্য শাখা কর্তৃক গৃহীত হলে সুবিধাভোগীর T24 হিসাবে জমা করার নিমিত্ত নির্দেশ বিজ্ঞপ্তি-১১৯/০৯ এর সংশোধনী এবং ২% প্রণোদনা/নগদ সহায়তার অর্থ S/D A/C ag 2% FR Cash Incentive (Code: 17109) খাতে জমা করণ প্রসঙ্গে।**

২ রেমিট্যান্স গ্রহণকারী শাখা সংশ্লিষ্ট রেমিট্যান্সের ২% প্রণোদনা/নগদ সহায়তার অর্থ উক্ত শাখার (রেমিট্যান্স গ্রহণকারী শাখার) S/A A/C ag 2% FR Cash Incentive (Code: 13075) খাত বিকলন করে হিসাবধারীর শাখার উপর সিআইবিটিসিএ ইস্যু করতঃ প্রেরণ করবে। কিন্তু প্রাতিষ্ঠানিক হিসাবের বিপরীতে এইরূপ রেমিট্যান্স প্রাপ্ত হলে ২% প্রণোদনা/নগদ সহায়তার অর্থের সমপরিমাণ সিআইবিটিসিএ হিসাবধারীর শাখার উপর ইস্যু ও প্রেরণ করবে না।

৩। ফরেন রেমিট্যান্স ডিপার্টমেন্ট হতে ২% প্রণোদনা/নগদ সহায়তার পুণর্ভরণ প্রাপ্তি সাপেক্ষে শাখার S/A A/C ag 2% FR Cash Incentive (Code: 13075) খাত সমন্বয় করবে।

৪ প্রাতিষ্ঠানিক হিসাবে প্রেরিত বৈদেশিক রেমিট্যান্স এর বিপরীতে শাখায় প্রাপ্ত ২% প্রণোদনা/নগদ সহায়তা অর্থ S/A A/C ag 2% FR Cash Incentive (Code: 13075) খাত বিকলন করে সরাসরি MPREST AC No-0100193309369-এ জমা করবে।

৫। অনুচ্ছেদ '৩' এবং '৪' এর উল্লেখিত লেনদেনের ক্ষেত্রে Narrative-এ রেমিট্যান্স নম্বর এবং রেমিট্যান্স ইস্যু তারিখ উল্লেখ করবে। তবে অনুচ্ছেদ '৩' (সিআইবিটিসিএ ইস্যু করার) এর উল্লেখিত লেনদেনের ক্ষেত্রে Narrative-এ রেমিট্যান্স নম্বর, রেমিট্যান্স ইস্যু তারিখ, এক্সচেঞ্জ কোম্পানীর নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

**হিসাব পরিচালনাকারী শাখার করণীয়ঃ-**

৬। রেমিট্যান্স গ্রহণকারী শাখা কর্তৃক প্রেরিত ২% প্রণোদনা/নগদ সহায়তার সিআইবিটিসিএ রেসপন্ড করতঃ S/D A/C ag 2% FR Cash Incentive (Code: 17109) খাতে Breakup Entry System-এ জমা করবে।

৭। নির্দেশ বিজ্ঞপ্তিঃ ৯০৭/১৯ তাং-১৭/১০/২০১৯ এর নির্দেশনা মোতাবেক পরিশোধযোগ্য বিবেচিত হলে S/D A/C ag 2% FR Cash Incentive (Code: 17109) খাত বিকলন করে সংশ্লিষ্ট ফরেন রেমিট্যান্স গ্রাহকের হিসাবে জমা করবে।

৮। নির্দেশ বিজ্ঞপ্তিঃ ৯০৭/১৯ তাং-১৭/১০/২০১৯ এর নির্দেশনা মোতাবেক পরিশোধযোগ্য বিবেচিত না হলে S/D A/C ag 2% FR Cash Incentive (Code: 17109) খাত বিকলন করে লোকাল অফিসে পরিচালিত IMPREST ACC.2 PER.CASH INCEN.FOR.RE AC No-0100193309369 হিসাবে জমা করবে। উল্লেখ্য অপরিশোধ্য ২% প্রণোদনা/নগদ সহায়তার অর্থ IMPREST AC No-0100193309369-এ জমা করার সময় Particular/Comments/Narrative Column-এ রেমিট্যান্স নম্বর এবং রেমিট্যান্স ইস্যু তারিখ লিখতে হবে।

বর্ণিত নির্দেশাবলী অত্র নির্দেশ বিজ্ঞপ্তি জারীর তারিখ হতে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত,

২০.১০.২০২১
(মুহাম্মদ তারিকুজ্জামান)
উপ মহাব্যবস্থাপক

২০.১০.২০২১
(আবুল বাসার মোঃ আব্দুল হান্নান)
মহাব্যবস্থাপক